

ছবি

ভিডিও

ভিডিও

শিক্ষা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের আন্দোলন চলছে, শিগগিরই আলোচনার আশা

বিশেষ প্রতিবেদক ঢাকা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের ফটকে শিক্ষকদের অবস্থান কর্মসূচি চলছে আজ মঙ্গলবারও ছবি: প্রথম আলো

টানা ৯ দিন ধরে সর্বাত্মক কর্মবিরতি পালন করছেন দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা। আজ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কর্মকর্তা-কর্মচারীরা বড় মিছিল করেছেন। অন্যদিকে কলাভবনের ফটকে অবস্থান নেন শিক্ষকেরা।

প্রতিদিন দুপুরে শিক্ষকেরা কলাভবনে অবস্থান নিয়ে নিজেদের দাবির কথা তুলে ধরছেন। শিক্ষকদের আশা, দাবি নিয়ে শিগগির সরকারের সঙ্গে আনুষ্ঠানিক আলোচনা হবে।

সর্বজনীন পেনশনের ‘প্রত্যয়’ কর্মসূচি নিয়ে প্রত্যাপন বাতিল করাসহ তিন দফা দাবিতে ১ জুলাই থেকে শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা একযোগে এই সর্বাত্মক কর্মবিরতি পালন করছেন। কর্মসূচির কারণে তালা ঝুলছে শ্রেণিকক্ষ ও অফিসে। এ কারণে ক্লাস-পরীক্ষা হচ্ছে না। প্রশাসনিক ভবনেও কোনো কাজ হচ্ছে না।

আজও কলাভবনের ফটকে অবস্থান কর্মসূচিতে বক্তব্য দিচ্ছেন শিক্ষকেরা। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জিনাত হৃদা তাঁর বক্তব্যে নিজেদের দাবির কথা তুলে ধরে বলেন, যত দিন সমাধান না হবে, তত দিন আন্দোলন চলবে।

এদিকে এ বিষয়ে এখনো সরকারের সঙ্গে আনুষ্ঠানিক কোনো আলোচনা বা বৈঠক হয়নি। তবে শিক্ষকদের একটি সূত্র জানিয়েছে, ভেতরে-ভেতরে সরকারের সঙ্গে কথা হচ্ছে।

এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণ সম্পাদক নিজামুল হক ভুঁইয়া আজ প্রথম আলোকে বলেন, ‘আমরা আশাবাদী, শিগগিরই আলোচনা হবে।’

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো**
করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো